

# NYC PS+YOU

Public Schools From Chancellor David C. Banks

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



## সামারে বিনামূল্যে খাবার

প্রিয় নিউ ইয়র্কবাসীগণ,

শিক্ষা বছর প্রায় শেষ হয়ে আসছে, তবে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ আমরা সারা বছর সুস্বাদু খাবার পরিবেশন করি। আমাদের সামার মিলস্ বা খাবার বিতরণ কর্মসূচি 18 বছর এবং এরচেয়ে কম বয়সী সকল নিউ ইয়র্কবাসীদের জন্য বিনামূল্যে লভ্য। এর জন্য কোনো কাগজপত্র পূরণ, সাইন-আপ করা, বা আইডি (ID) আবশ্যিক নয়। শিক্ষার্থীদের জন্য উপভোগ্য সুস্বাদু এবং পুষ্টিকর ব্রেকফাস্ট এবং লাঞ্চের বিভিন্ন বিকল্প রয়েছে, যেমন সিনামন বাস্ট প্যানকেক, হোয়াইট বিন এবং পাস্তা প্রিমাভেরা, সফট্ টার্কি টাকো, এবং সামার স্কোয়াশ।

এখানে কিছু গুরুত্বপূর্ণ তথ্য দেয়া হলো: আমাদের সামারের খাবার বিতরণ পরিষেবা শুরু হবে 27 জুন থেকে এবং চলবে 30 অগাস্ট পর্যন্ত। ব্রেকফাস্ট বিতরণ করা হবে 8:00-9:15 পর্যন্ত, এবং লাঞ্চ বিতরণ চলবে 11:00-1:15 পর্যন্ত। খাবার পরিবেশন করা হবে প্রতি সোমবার থেকে শুক্রবার, এর ব্যতিক্রম 4-5 জুলাই।

সামারের খাবার সিটিব্যাপী আনুমানিক 500-টি স্থানে লভ্য থাকবে, এর মধ্যে আছে নির্দিষ্ট স্কুল, পার্ক, লাইব্রেরি, এবং কমিউনিটি পুলগুলো (যেগুলো এই খাবার পরিষেবা সপ্তাহান্তেও প্রদান করবে)। আপনার নিকটস্থ স্থানটি খুঁজে

নিতে, 311 নম্বরে ফোন করুন, আমাদের [সামার মিলস্ ওয়েবপেজ](#) দেখুন, অথবা 27 জুন তারিখ থেকে শুরু করে 304-304 নম্বরে “NYCFOOD” অথবা “NYCCOMIDA” টেক্সট করুন।

আমাদের নিয়মিত সামারের খাবার বিতরণ কর্মসূচি ছাড়াও, আমরা সপ্তাহের সাত দিনই ব্রুকলিনে (প্রোসপেক্ট পার্ক), ম্যানহ্যাটনে (সারা ডি. রুজাভেল্ট পার্ক), এবং ব্রঙ্ক্সে (ফেরি পয়েন্ট পার্ক) ফুড ট্রাকের মাধ্যমে লাঞ্চ প্রদান করি। আগ্রহী পরিবারেরা আমাদের [ওয়েবসাইট](#) থেকে আরও জানতে পারেন।

সর্বশেষে, আমি জানাতে চাই যে, [সামার রাইজিং](#)-এ অংশগ্রহণকারী K-8 গ্রেডের শিক্ষার্থীরাও তাদের সামার রাইজিং সাইটে বিনামূল্যে ব্রেকফাস্ট, লাঞ্চ, এবং বিকেলের স্ন্যাক পাবে।

বছরের যেকোনো সময়ই হোক না কেন, ছেলেমেয়েদের শিক্ষা অর্জন এবং বেড়ে-ওঠার জন্য স্বাস্থ্যকর খাবার অপরিহার্য; গবেষণায় আমরা দেখেছি যে অ্যাকাডেমিক সাফল্য, সামাজিক-মানসিকভাবে বেড়ে ওঠা, এবং সামগ্রিকভাবে ভালো-খাকার ভিত্তি হচ্ছে শারীরিক স্বাস্থ্য। আমি গর্বের সাথে বলতে পারি যে, আমাদের সকল শিক্ষার্থীকে পুষ্টিকর এবং পর্যাপ্ত খাবার খাওয়ানো নিশ্চিত করতে আমরা বদ্ধপরিকর।

কর্মীগণ, অনুগ্রহ করে আমাদের সামারে খাবার বিতরণ কর্মসূচির কথা সবাইকে জানিয়ে দিন। পরিবারবর্গ, অনুগ্রহ করে এই জুন, জুলাই এবং অগাস্ট মাসে আমাদের খাবারের সাইটগুলির পূর্ণ সুবিধা গ্রহণ করুন। এবং সকলের প্রতি আমার রইলো সুস্বাদু এবং পুষ্টিকর গ্রীষ্মের শুভেচ্ছা!

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব](#) পেজ দেখুন।

সর্বসম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।